তারিখ ...4 DEC 1988
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 7 ...

দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র



## মেডিক্যাল কলেজে ভর্তির নয়া পদ্ধতি

এবার চিকিৎসা মহাবিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষার যোগ্যতা হিসবে ৫ পয়েন্ট ও মোট ১২০০ নম্বর চাওয়া হয়েছে। তা চাওয়া হয়েছে সম্ভবত এই যুক্তিতে যে, যে ছাত্র একটি পরীক্ষায় প্রথম বিভাগ পায় তার অন্য পরীক্ষায় প্রথম বিভাগ না পাওয়াটা একটা দুর্ঘটনা। এর পিছনে থাকতে পারে পরীক্ষা চলাকালীন সময়ে ছাত্রটির অসুস্থতা। অথবা আমাদের ত্রুটিপূর্ণ পরীক্ষা ব্যবস্থা—যে ব্যবস্থায় সত্যিকার মেধার বিচার হয় না। তাই তারা নিজেরাই অধিকতর বৈজ্ঞানিক পদ্ধতিতে অধিকতর মেধাবী ছাত্রছাত্রী নির্বাচন করবেন। কিন্তু এই দুই যুক্তির যেকোনটির ভিত্তিতেই ৫ পয়েন্টকে ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতা বলে ধরা হোক না কেন কোন যুক্তিতেই ১২০০ নম্বরের সীমারেখাটি যুক্তিসঙ্গত মনে হয় না। তাই কর্তৃপক্ষের উচিৎ ১২০০ নম্বরের বাঁধন দিয়ে নয় বরং অধিকতর বৈজ্ঞানিক পরীক্ষার পদ্ধতির মাধ্যমে শুধুমাত্র ৫ পয়েন্ট প্রাপ্ত ছাত্রদের মধ্যে থেকে অধিকতর মেধাবী ছাত্রদের ছেঁকে তোলা। আমাদের বিশ্বাস এতে করে প্রকৃত মেধাবীরা অবশ্যই উপকৃত হবে।

—মোঃ ইসতিয়াক হোসেন
১১৩/এ মনিপুরি পাড়া
(নীচতলা), ফার্মগেট,
ঢাকা-১২১৫।